গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা
www.doict.gov.bd

**ফেব্রুয়ারি/২৪ মাসে অনুষ্ঠিত জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের সাথে মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মোস্তফা কামাল<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ২৫/০২/২০২৪ খ্রি. |
| সভার সময় | সকাল ১১ঃ০০ ঘটিকা |
| স্থান | অনলাইন প্ল্যাটফর্ম (জুম) |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি কৃচ্ছুতা সাধনের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর পরামর্শ মেনে চলার বিষয়ে গুরুত্বারোপ করেন এবং প্রত্যেককে সঠিক সময়ে অফিসে উপস্থিত হওয়ার নির্দেশনা প্রদান করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (প্রশাসন) জনাব মির্জা মুরাদ হাসান বেগ বিগত সভার কার্যবিবরণী পড়ে শোনান। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে তিনি আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | স্মার্ট বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে ‘শেখ রাসেল ডিজিটাল ল্যাব’ ও ‘শেখ রাসেল স্কুল অব ফিউচার’ ব্যবহার করে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ আয়োজনঃ<br>স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে স্থানীয় শিক্ষিত বেকার যুবক-যুবতী, ছাত্র-ছাত্রী এবং বিভিন্ন পেশাজীবীদেরকে আইসিটি ক্ষেত্রে উপার্জনমুখী ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। উপপরিচালক (প্রশাসন) ফেনী, হবিগঞ্জ ও লক্ষ্মীপুর জেলার ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ আয়োজন সংক্রান্ত তথ্য তুলে ধরেন, যথা:<br>১। **ফেনী**। জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ আয়োজনের প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। জেলা প্রশাসক মহোদয় কর্তৃক আইসিটি অধিদপ্তরের মহাপরিচালক বরাবর ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ আয়োজন সংক্রান্ত প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br>২। **হবিগঞ্জ**। ০৯টি উপজেলায় বাছাইকৃত ০১টি করে ইউনিয়নে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ আয়োজনের প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। ইতোমধ্যে প্রশিক্ষণ মডিউল প্রস্তুত করা হয়েছে এবং ০৮জন প্রশিক্ষক বাছাই করা হয়েছে। শায়েস্তাগঞ্জ উপজেলায় আগামী ২৭ তারিখে প্রাপ্ত আবেদন হতে প্রশিক্ষনার্থী বাছাই করা হবে।<br>৩। **লক্ষ্মীপুর**। ০৮/০২/২৪ তারিখ থেকে ০৫(পাঁচ)টি ব্যাচ-এ ১০০ জন করে মোট ৫০০ জনকে 'ডিজিটাল মার্কেটিং', 'গ্রাফিক্স ডিজাইন' ও 'ওয়েবসাইট ডিজাইন ও ডেভেলপমেন্ট' বিষয়ে ৩০০ ঘন্টার (৩ মাস ব্যাপী) অনলাইন ও অফলাইনে (হাইব্রিড) প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে।<br>সভাপতি অবশিষ্ট সকল জেলা এবং উপজেলায় স্ব-উদ্যোগে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ আয়োজনের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ করেন। | অবশিষ্ট সকল জেলা এবং উপজেলায় স্ব-উদ্যোগে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং অগ্রগতি প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। প্রকল্প পরিচালক, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প।<br>২। উপ-প্রকল্প পরিচালক, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প।<br>৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার/সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (সকল)। |

<table>
<tr>
<td>২।</td>
<td>জেলা পর্যায়ে জয় SET Center স্থাপনের জন্য জমির বন্দোবস্তঃ<br>উপ-প্রকল্প পরিচালক, ইডিসি প্রকল্প জানান, জেলা পর্যায়ে জয় SET Center স্থাপনের জন্য জমির প্রস্তাব প্রেরণের নিমিত্ত গত ০১/০৭/২০২২ তারিখে EDC প্রকল্প হতে জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের সূত্র ধরে জমির প্রস্তাব প্রেরণের সর্বশেষ অবস্থা নিম্নরূপ-
<table>
<tr><th>বিবরণ</th><th>জেলার নাম</th></tr>
<tr><td>জমির প্রস্তাব পাওয়া গিয়েছে মর্মে ০৪টি জেলার প্রতিবেদন</td><td>পাবনা, ফরিদপুর, নওগাঁ এবং ঝালকাঠি</td></tr>
<tr><td>জমি পাওয়া যায়নি মর্মে ১০টি জেলার শূন্য প্রতিবেদন</td><td>কুমিল্লা, নারায়নগঞ্জ, সিরাজগঞ্জ, কুষ্টিয়া, নাটোর, ফেনী, পঞ্চগড়, বান্দরবান, রাজবাড়ি এবং খাগড়াছড়ি</td></tr>
<tr><td>২২টি জেলায় কার্যক্রম চলমান</td><td>নোয়াখালি, মাদারীপুর, শরিয়তপুর, বগুড়া, চাঁপাইনবাবগঞ্জ, গাইবান্ধা, কুড়িগ্রাম, চাঁদপুর, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, কক্সবাজার, জামালপুর, টাঙ্গাইল, বরিশাল, নাটোর, গাজীপুর, শেরপুর, রাজশাহী, জয়পুরহাট, কুড়িগ্রাম, সুনামগঞ্জ এবং পটুয়াখালী</td></tr>
</table></td>
<td>১। জমি/স্পেস বরাদ্দের বিষয়ে ইডিসি প্রকল্প হতে জেলা প্রশাসক বরাবর তাগিদপত্র প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। জমির প্রস্তাব প্রাপ্ত ০৪টি জেলায় জমি বন্দোবস্তের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। শূন্য প্রতিবেদন প্রাপ্ত এবং কার্যক্রম চলমান জেলাসমূহে তাগিদপত্র প্রেরণ করতে হবে।<br>৪। অবশিষ্ট জেলা কার্যালয়সমূহ হতে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে।<br>৫। সমন্বয়কারী কর্মকর্তাগণ এ বিষয়টি সমন্বয় করবেন।</td>
<td>১। প্রকল্প পরিচালক, ইডিসি প্রকল্প।<br>২। উপ-প্রকল্প পরিচালক, ইডিসি প্রকল্প।<br>৩। প্রোগ্রামার/প্রোগ্রামার (দায়িত্বে)(সকল জেলা)<br>সমন্বয়কারী-<br>১। পরিচালক (অর্থ এবং প্রশাসন)<br>২। উপ-পরিচালক (প্রশাসন)<br>৬। জনাব মোঃ জোনায়েদ সিদ্দিক, সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার।</td>
</tr>
<tr>
<td>৩।</td>
<td>শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন সংক্রান্তঃ<br>জানুয়ারি/২৪ মাসে জেলা এবং উপজেলা কার্যালয় থেকে প্রাপ্ত শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং শেখ রাসেল স্কুল অফ ফিউচার পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী জানুয়ারি/২৪ মাসে বিভাগ ভিত্তিক পরিদর্শন সংখ্যা নিম্নরূপ:
<table>
<tr><th rowspan="2">বিভাগ</th><th colspan="2">পরিদর্শন সংখ্যা</th><th rowspan="2">মোট (বিভাগ ভিত্তিক)</th></tr>
<tr><th>জেলা কার্যালয় হতে</th><th>উপজেলা কার্যালয় হতে</th></tr>
<tr><td>ঢাকা</td><td>১৬</td><td>৪৯</td><td>৬৫</td></tr>
<tr><td>চট্টগ্রাম</td><td>২৩</td><td>৫৮</td><td>৮১</td></tr>
<tr><td>রাজশাহী</td><td>৯</td><td>৪৪</td><td>৫৩</td></tr>
<tr><td>খুলনা</td><td>১০</td><td>১৩৯</td><td>১৪৯</td></tr>
<tr><td>সিলেট</td><td>১</td><td>১৫</td><td>১৬</td></tr>
<tr><td>বরিশাল</td><td>৫</td><td>৩৭</td><td>৪২</td></tr>
<tr><td>রংপুর</td><td>১০</td><td>৮০</td><td>৯০</td></tr>
<tr><td>ময়মনসিংহ</td><td>০</td><td>২৭</td><td>২৭</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>৭৪</td><td>৪৪৯</td><td>৫২৩</td></tr>
</table></td>
<td>প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে জেলা এবং উপজেলা কার্যালয়ের পরিদর্শন প্রতিবেদন ‘স্মার্ট অফিস ব্যবস্থাপনা’ সফটওয়্যার (www.soms.gov.bd) এর ‘পরিদর্শন ব্যবস্থাপনা’ মডিউল-এ দাখিল করতে হবে।</td>
<td>১। প্রোগ্রামার/প্রোগ্রামার (দায়িত্বে) (সকল জেলা)<br>২। সহকারী প্রোগ্রামার (সকল উপজেলা)<br>৩। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (সকল জেলা)</td>
</tr>
<tr>
<td>৪।</td>
<td>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন সংক্রান্তঃ<br>উপ-পরিচালক (প্রশাসন) জানান, ২০২৩-২৪ অর্থবছরের APA এর ৩য় কোয়ার্টারের নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার সময়সীমা আগামী ৩১/০৩/২৪ তারিখের পর্যন্ত। মাঠ পর্যায়ে চলমান D-Nothi প্রশিক্ষণ কার্যক্রম সহ APA সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা হয়।</td>
<td>২০২৩-২৪ অর্থবছরের APA এর ৩য় কোয়ার্টারের D-Nothi প্রশিক্ষণসহ অন্যান্য কার্যক্রম আগামী ৩১/০৩/২৪ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।</td>
<td>১। পরিচালক (অর্থ এবং প্রশাসন)<br>২।প্রোগ্রামার/প্রোগ্রামার (দায়িত্বে) (সকল জেলা)<br>৩। সহকারী প্রোগ্রামার (সকল উপজেলা)</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ৫। | **জেলা কার্যালয়ের অধীনস্থ উপজেলার সাথে মাসিক সমন্বয় সভা আয়োজনঃ**<br>উপপরিচালক (প্রশাসন) বলেন, মার্চ/২০২৩ মাসে অনুষ্ঠিত জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের সাথে মাসিক সমন্বয় সভার ৮(ক) নম্বর সিদ্ধান্ত অনুযায়ী অধিদপ্তরের সকল জেলা কার্যালয়ের অধীনস্থ উপজেলা কার্যালয়সমূহের সাথে দাপ্তরিক কার্যক্রম বিষয়ে প্রতি মাসে সমন্বয় সভা আয়োজন করতঃ বাস্তবায়ন অগ্রগতিসহ কার্যবিবরণী প্রধান কার্যালয়ে প্রেরণ করবে। জানুয়ারি/২৪ মাসে ৫০টি জেলা কার্যালয় থেকে কার্যবিবরণী পাওয়া গিয়েছে। নিম্নোক্ত ১৪টি জেলা কার্যালয় থেকে কার্যবিবরণী পাওয়া যায়নি- সিলেট, সিরাজগঞ্জ, সাতক্ষীরা, শরিয়তপুর, মৌলভীবাজার, ময়মনসসিংহ, বান্দরবান, বগুড়া, নেত্রকোনা, ঢাকা, জামালপুর, গাইবান্ধা, খাড়াছড়ি ও কক্সবাজার। | প্রতি মাসে উপজেলাসমূহের সাথে সমন্বয় সভা করে বাস্তবায়ন অগ্রগতিসহ কার্যবিবরণী 'স্মার্ট অফিস ব্যবস্থাপনা' সফটওয়্যার-এর মাধ্যমে প্রেরণ করতে হবে। | প্রোগ্রামার/প্রোগ্রামার (দায়িত্বে) (সকল জেলা) |
| ৬। | **জেলা এবং উপজেলা আইিসিটি কমিটির সভা সম্পর্কিতঃ**<br>উপ-পরিচালক (প্রশাসন) জানান, জানুয়ারি/২৪ মাসে ৪৯টি জেলা এবং ৭৩টি উপজেলা কার্যালয় থেকে আইিসিটি কমিটির সভার কার্যবিবরণী পাওয়া গিয়েছে। নিম্নোক্ত ১৫টি জেলা কার্যালয় থেকে এ সংক্রান্ত প্রতিবেদন পাওয়া যায়নি- হবিগঞ্জ, সিলেট, সাতক্ষীরা, শরিয়তপুর, মৌলভীবাজার, ময়মনসিংহ, বান্দরবান, বগুড়া, নেত্রকোনা, নীলফামারী, ঢাকা, জামালপুর, গাইবান্ধা, খাড়াছড়ি ও কক্সবাজার। | জেলা এবং উপজেলা আইসিটি কমিটির সভা আয়োজন করতঃ কার্যবিবরণী 'স্মার্ট অফিস ব্যবস্থাপনা' সফটওয়্যার-এর মাধ্যমে প্রেরণ করতে হবে। | ১।প্রোগ্রামার/প্রোগ্রামার (দায়িত্বে) (সকল জেলা)<br>২।সহকারী প্রোগ্রামার (সকল উপজেলা) |
| ৭। | **জেলা এবং উপজেলা পর্যায়ে Web Portal নিয়মিত হালনাগাদকরণঃ**<br>উপ-পরিচালক (প্রশাসন) জানান, মার্চ/২০২৩ মাসে অনুষ্ঠিত জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের সাথে মাসিক সমন্বয় সভার ০৩ নম্বর সিদ্ধান্ত অনুযায়ী জেলা, উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ের Web Portal সমূহ নিয়মিত হালনাগাদ রাখার ব্যবস্থা গ্রহণ করবেন এবং এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করবেন। জানুয়ারি/২৪ মাসে মাসে ৫৩টি জেলা কার্যালয় এবং ৯৭টি উপজেলা কার্যালয় থেকে Web Portal হালনাগাদ সংক্রান্ত প্রতিবেদন পাওয়া গিয়েছে। নিম্নোক্ত ১১টি জেলা কার্যালয় থেকে এ সংক্রান্ত প্রতিবেদন পাওয়া যায়নি- সাতক্ষীরা, শরিয়তপুর, মৌলভীবাজার, ময়মনসিংহ, বান্দরবান, বগুড়া, ঢাকা, জয়পুরহাট, গাইবান্ধা, খাড়াছড়ি ও কক্সবাজার। | জেলা এবং উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তা Web Portal সমূহ নিয়মিত হালনাগাদ নিশ্চিত করবেন এবং 'স্মার্ট অফিস ব্যবস্থাপনা' সফটওয়্যার-এ প্রতিবেদন দাখিল করবেন। | ১। প্রোগ্রামার/প্রোগ্রামার (দায়িত্বে) (সকল জেলা)<br>২।সহকারী প্রোগ্রামার (সকল উপজেলা) |
| ৮। | **জেলা এবং উপজেলা পর্যায়ে মাসিক সমন্বয় সভা এবং আইন-শৃঙ্খলা কমিটিতে আইসিটি অধিদপ্তরের জেলা ও উপজেলা কার্যালয় অন্তর্ভুক্তকরণঃ**<br>উপ-পরিচালক (প্রশাসন) জানান, গত ১৪/০২/২০২৪ খ্রি. তারিখে এ সংক্রান্ত পত্র প্রেরণ করা হয়েছে। | পত্র প্রেরণের পর সংশ্লিষ্ট দপ্তরের সঙ্গে যোগাযোগ রক্ষা করতে হবে। | ১। পরিচালক (অর্থ ও প্রশাসন)<br>২। জনাব তানভীর আহমেদ, সহকারী প্রোগ্রামার। |

| | | | |
|---|---|---|---|
| ৯। | **উদ্ভাবনী উদ্যোগ ও বাস্তবায়ন অগ্রগতিঃ**<br>উপ-পরিচালক (প্রশাসন) জানান, আইসিটি অধিদপ্তরের গত ১৫/১১/২৩ খ্রি. তারিখের ৫৬.০৪.০০০০.০০৬.১৮.০০১.১৭.১৪৫ নম্বর স্মারকে প্রেরিত পত্রের মাধ্যমে ২০২৩-২৪ অর্থবছরে মাঠ পর্যায়ের বিভিন্ন সেবা/সমস্যা উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে ডিজিটাইজেশন/সহজীকরণের প্রস্তাব আহ্বান করা হয়েছে। ২৭/১২/২০২৩ তারিখ পর্যন্ত প্রাপ্ত মোট ১৩টি উদ্ভাবনী উদ্যোগের মধ্য থেকে গত ১৫/১১/২৩ তারিখে উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)-এর সভাপতিত্বে ইনোভেশন টিমের সভায় ০৬টি উদ্ভাবনী উদ্যোগ প্রাথমিকভাবে বাছাই করা হয়। পরবর্তীতে ১৫/০১/২৪ তারিখে ইনোভেশন টিমের সভায় ০৩টি উদ্যোগ চূড়ান্ত করা হয়। চূড়ান্তভাবে বাছাইকৃত ০৩টি উদ্যোগের প্রশাসনিক ও আর্থিক অনুমোদনের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। | প্রশাসনিক ও আর্থিক অনুমোদনের পর সংশ্লিষ্ট ০৩টি উপজেলায় বাজেট প্রেরণ করা হবে। | ১। প্রোগ্রামার/প্রোগ্রামার (দায়িত্বে) (সকল জেলা)<br>২। সহকারী প্রোগ্রামার (সকল উপজেলা)<br>৩। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (সকল জেলা) |
| ১০। | **মাঠ পর্যায়ে ন্যাশনাল ওয়েব পোর্টাল সংশ্লিষ্ট সেবা প্রদান সংক্রান্তঃ**<br>উপ-পরিচালক (প্রশাসন) জানান, বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী ন্যাশনাল ওয়েব পোর্টালে নতুন ডোমেইন নিবন্ধন প্রক্রিয়াটি আরও দ্রুত সম্পন্ন করার বিষয়ে এটুআই এর সাথে নিয়মিত যোগাযোগ করা হচ্ছে। নতুন ডোমেইন প্রাপ্তির আবেদনসমূহ পূর্বের তুলনার দ্রুততর গতিতে নিষ্পন্ন করা হচ্ছে এবং আগামী ১ মাসের মধ্যে অপেক্ষমান আবেদনসমূহ নিষ্পন্ন করার লক্ষ্যে কাজ করা হচ্ছে মর্মে এটুআই থেকে জানানো হয়েছে। | এটুআই এর সাথে যোগাযোগ করে ডোমেইন প্রাপ্তির আবেদনসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। | ১। সিস্টেমস ম্যানেজার।<br>২। ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর, সিস্টেম ও প্রশিক্ষণ শাখা। |

সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে তাদের দায়িত্ব যথাযথভাবে সঠিক সময়ে পালন/বাস্তবায়ন করতঃ আগামী মাসের মাসিক সমন্বয় সভার পূর্বেই বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রদানের অনুরোধ জানান। বিশেষ করে নির্ধারিত প্রতিবেদনসমূহ যথাসময়ে প্রেরণের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪-০৩-২০২৪
মোঃ মোস্তফা কামাল
মহাপরিচালক
+৮৮ ০২-৪১০২৪০৭২ (ফোন)
+৮৮ ০২-৫৫০০৬৮৮২ (ফ্যাক্স)
dg@doict.gov.bd

**নম্বর:** ৫৬.০৪.০০০০.০০৮.০৬.০০১.২৩.২২৪

তারিখ: ৩০ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১৪ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রকল্প পরিচালক, প্রকল্প পরিচালক এর দপ্তর , ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প (ইডিসি);
২। অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
৩। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা ও উন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
৪। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব ), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫। উপ-পরিচালক, অর্থ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
৬। উপ-প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-প্রকল্প পরিচালক এর দপ্তর, ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প (ইডিসি);
৭। প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), প্রকল্প পরিচালকের দপ্তর, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়);
৮। আইসিটি অধিদপ্তরের প্রধান কার্যালয়ে কর্মরত সকল কর্মকর্তাগণ;
৯। প্রোগ্রামার, জেলা কার্যালয় (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;

১০। ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর, সিস্টেম ও প্রশিক্ষণ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;

১১। সহকারী প্রোগ্রামার (সকল), উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।;

১২। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, জেলা কার্যালয় (সকল);

১৩। ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং

১৪। ব্যক্তিগত সহকারী (চলতি দায়িত্ব ), সিস্টেম্স ম্যানেজার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (সিস্টেমস ম্যানেজার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৮-০৩-২০২৪
মির্জা মুরাদ হাসান বেগ
উপ-পরিচালক